31

দৈনিক বাংলা

তারিখ 07 OCT 1992
পৃষ্ঠা ৫ কলাম ৩

২৬

# শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস দূর করতে কার্যকর ব্যবস্থা নেয়া হয়েছে ঃ শিক্ষামন্ত্রী

রাজবাড়ি, ৬ অক্টোবর।–শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার দেশের সাধারণ মানুষের অবস্থার উন্নয়নের লক্ষ্যে বাস্তবমুখী কর্মসূচী গ্রহণ করেছে। বিএনপি অতীতে জনগণের কাছে দেয়া প্রতিটি প্রতিশ্রুতি পূরণ করেছে বলেই জনগণ বার বার বিএনপি'র পক্ষে রায় দিয়েছেন।

শিক্ষামন্ত্রী আজ রাজবাড়ি জেলার বার্থ হাইস্কুল প্রাঙ্গণে এক জনসভায় বক্তৃতা করছিলেন। জনাব রুস্তম আলী খানের সভাপতিত্বে এ জনসভায় সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম বক্তৃতা করেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার ২৫ বিঘা পর্যন্ত জমির খাজনা ও সুদসহ ৫ হাজার টাকা পর্যন্ত কৃষি ঋণ মওকুফ করে তার নির্বাচনী ওয়াদা পূরণ করেছে। তিনি বলেন, শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস ও সেশন জট দূর করার লক্ষ্যে সরকার কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি আরো বলেন, সরকার সাধারণ জনগণের কাছে শিক্ষা বিস্তার করার লক্ষ্যে প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কার্যক্রম চালু করেছে।

পরে শিক্ষামন্ত্রী রাজবাড়ি শহরে বাংলাদেশ নারী অধিকার বাস্তবায়ন সংস্থার গণশিক্ষা কেন্দ্র পরিদর্শন করেন ও সেখানে ভাষণ দেন। সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম এ সময় উপস্থিত ছিলেন।